

# যুগান্তর

প্রিন্ট: ২৭ আগস্ট ২০২৫, ০৯:২৮ এএম

ক্যাম্পাস

## ডাকসুর চূড়ান্ত প্রার্থীর সংখ্যা জানাল প্রশাসন



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২৬ আগস্ট ২০২৫, ০৪:৪৮ পিএম



ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচনের চূড়ান্ত প্রার্থী তালিকা আজ মঙ্গলবার প্রকাশ করা হবে। এই নির্বাচনে মোট ৪৭১ জন প্রার্থী চূড়ান্তভাবে মনোনীত হয়েছেন। এর আগে মোট ৫০৯ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছিলেন। নির্বাচনের চিফ রিটার্নিং কর্মকর্তা অধ্যাপক ড. মোহাম্মদ জসীম উদ্দিন এ তথ্য নিশ্চিত করেছেন।

জানা গেছে, যাচাই-বাছাই শেষে ৪৭১ জনকে চূড়ান্ত প্রার্থী মনোনীত হয়েছে। তাছাড়া মনোনয়নপত্র প্রত্যাহার করেছে ২৮ জন প্রার্থী। আর মনোনয়নপত্র বাতিলের পর ১০ জন আপিল করেনি, যার কারণে ওই ১০ জনের প্রার্থীতাও বাতিল করা হয়েছে।

এদিকে ডাকসু ও হল সংসদ নির্বাচন ২০২৫-এর চূড়ান্ত ভোটার তালিকা পূর্বে সর্বসাধারণের জন্য উন্মুক্ত ছিল। শিক্ষার্থীদের আবেদনের পরিপ্রেক্ষিতে এখন তা সাময়িকভাবে প্রত্যাহার করা হয়েছে। তবে তালিকাটি উন্মুক্ত থাকবে সংশ্লিষ্ট হল ও প্রশাসনিক দফতরের জন্য।

বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, যেসব শিক্ষার্থী ভোটার তালিকায় নিজেদের ছবি গোপন রাখতে চান, তাদের আগামী ২৭ আগস্টের মধ্যে চিফ রিটার্নিং অফিসারের কাছে লিখিত আবেদন জমা দেওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

ডাকসু নির্বাচনের পাশাপাশি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৮ হল সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। পাঁচটি ছাত্রী হলসহ ঢাবিতে মোট ১৮টি হল রয়েছে, যেখানে ১৩টি পদে নির্বাচন অনুষ্ঠিত হবে। হল সংসদ নির্বাচনে হলগুলোতে ছাত্রদল ছাড়া বাকি কোনো সংগঠন প্যানেল দেয়নি।

নির্বাচনী আচরণবিধিতে বলা হয়েছে— ২৬ আগস্ট থেকে ৭ সেপ্টেম্বর রাত ১১টা পর্যন্ত প্রার্থীরা ব্যক্তি বা সংগঠনের ব্যানারে হলে কিংবা ক্যাম্পাসে প্রচার চালাতে পারবেন। তবে এই সময়ের মধ্যে কোনো ধরনের সামাজিক, আর্থিক বা সেবামূলক কার্যক্রম, মজলিশ বা ধর্মীয় আয়োজন এবং ধর্মীয় স্থানে প্রচার নিষিদ্ধ থাকবে। কাউকে আপ্যায়ন করার ব্যাপারেও নিষেধাজ্ঞা রয়েছে।

আগামী ৯ সেপ্টেম্বর ডাকসু নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। ওইদিনই ফল প্রকাশের কথা রয়েছে।